তারিখ 31 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

জঙ্গিবিরোধী তৎপরতা

# কাজে সমন্বয়হীনতা শিক্ষা মন্ত্রণালয়ে

**যুগান্তর রিপোর্ট**

শিক্ষা প্রতিষ্ঠানে জঙ্গিবিরোধী কাজে সমন্বয় নেই। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের মধ্যে অবহেলাও সীমাহীন। ফলে এক মাসেও ঢাকার ১৮ শিক্ষা প্রতিষ্ঠানে জঙ্গি তৎপরতার বিরুদ্ধে কি ব্যবস্থা নেয়া হয়েছে তা স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অবহিত করতে পারেনি শিক্ষা মন্ত্রণালয়। ৫ অক্টোবরের মধ্যে এ সংক্রান্ত তথ্য জানানোর কথা ছিল।

শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বশীল সূত্র জানায়, গোয়েন্দা প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে ২৭ সেপ্টেম্বর স্বরাষ্ট্র মন্ত্রণালয় একটি পত্র পাঠায়। ওই প্রতিবেদনে ৫টি সুপারিশ ছিল। পত্র পাওয়ার পরপরই ঢাকা ও মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে (ইউজিসি) নির্দেশনা পাঠিয়েছিল শিক্ষা মন্ত্রণালয়। সে অনুযায়ী পদক্ষেপও নেয়া হয়। এছাড়া সারা দেশে উদ্বুদ্ধকরণ সভা চলছে। কিন্তু মন্ত্রণালয়ের কর্মকর্তা পর্যায়ে কাজের সমন্বয়হীনতার কারণে অগ্রগতি প্রতিবেদন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হয়নি। শুধু তাই নয়, এ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন চেয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সমন্বয় শাখা থেকে বিশ্ববিদ্যালয়, কলেজ ও মাধ্যমিক শাখাকে বৃহস্পতিবার চিঠি দেয়া হয়। তাতে রোববারের মধ্যে এ প্রতিবেদন তলব করা হয়। অথচ মাঝখানে দু'দিন ছিল ছুটি। জঙ্গি প্রতিরোধ সংক্রান্ত স্পর্শকাতর বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের এমন কর্মকাণ্ডে আন্তরিকতা নিয়ে নানা প্রশ্ন উঠেছে। এ প্রসঙ্গে জানতে চাইলে নামপ্রকাশ না করে শিক্ষা মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিব বলেন, 'জঙ্গিবিরোধী কাজে আমরা কেবল সচেতনতামূলক পদক্ষেপ নিতে পারি। সেটা অব্যাহত আছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় আমাদের ব্যবস্থা নিতে বললেও আসলে তাদেরই পদক্ষেপ নিতে হবে। কেননা আমাদের হাতে পুলিশ নেই। আমরা সংশ্লিষ্টদের সতর্ক করতে কেবল পারি।'